

(ক) সঞ্চয় পত্রে বিনিয়োগ	৪০,০০০ টাকা
(খ) জীবন বীমার প্রিমিয়াম প্রদান	৫,০০০ টাকা
	মোট ৪৫,০০০ টাকা

রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount):

(ক)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ	৪৫,০০০/-
(খ)	মোট আয় ৫,১৪,৬৪০ টাকার ২৫%	১,২৮,৬৬০/-
(গ)		১,০০,০০,০০০/-
	অনুমোদনযোগ্য অংক (eligible amount) [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]	৪৫,০০০/-

কর রেয়াতের পরিমাণ:

৪৫,০০০ এর ১৫% অর্থাৎ $(৪৫,০০০ \times ১৫\%) = ৬,৭৫০$ টাকা।

মোট আরোপযোগ্য কর	১১,৪৬৪/-
বাদ: কর রেয়াত	৬,৭৫০/-
প্রদেয় কর	৪,৭১৪/-

সারচার্জের পরিমাণ:

করদাতার নীট সম্পদের পরিমাণ ২০,৩০,০০,০০০/-
হওয়ায় প্রদেয় আয়করের ৩০% হারে সারচার্জ প্রযোজ্য
হবে। সারচার্জের পরিমাণ দাঁড়ায় (৪,৭১৪ টাকার ৩০%)
১৪১৪ টাকা।

	ফলে মোট প্রদেয় কর	৬,১২৮/-
বাদ: উৎসে কর্তৃত কর		
(ক) ব্যাংক সুদ ১০,০০০/- এর ১০% =	১,০০০/-	
(খ) লভ্যাংশ ১,৩৫,০০০/- এর ১০% =	১৩,৫০০/-	
		১৪,৫০০/-
মিজ্ অরগ্য অহমের নিকট ফেরতযোগ্য কর		(৮,৩৭২/-)

৩। একজন শিক্ষকের আয় এবং কর পরিগণনা

জনাব মিনহাজ আহমেদ বেসরকারি ইংরেজী মাধ্যমের একটি বিদ্যালয়ে শিক্ষকতা করেন। তার একজন প্রতিবন্ধী সন্তান রয়েছে। তার স্ত্রী করদাতা নন। ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত সময়ে তার আয় ছিল নিম্নরূপঃ

বেতন খাত:

মাসিক মূল বেতন	৩০,০০০/-
বাড়ী ভাড়া ভাতা	১৫,০০০/-
চিকিৎসা ভাতা	১,০০০/-
উৎসব বোনাস-	দু'টি মূল বেতনের সমান।

জনাব মিনহাজ আহমেদ টিউশনী থেকেও উপার্জন করে থাকেন। তিনি মাসে মোট ০৬ (ছয়) ব্যাচে ছাত্র পড়ান। প্রতি ব্যাচে ছাত্র সংখ্যা ০৬ (ছয়) জন। প্রতি ছাত্র থেকে তিনি সম্মানী গ্রহণ করেন মাসিক ৪,০০০ টাকা। তিনি নিজের বাসাতেই ছাত্র পড়ান।

তিনি আয় বছরে ২,০০,০০০ টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন। ৩০ জুন ২০২১ তারিখে করদাতার নীট সম্পদের পরিমাণ ছিল ৩,৩০,০০,০০০ টাকা।

২০২১-২০২২ করবছরে করদাতার মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নিম্নরূপ:

বেতন খাত:

মাসিক মূল বেতন (৩০,০০০ X ১২)		৩,৬০,০০০/-
বাড়ী ভাড়া ভাতা (১৫০০০X ১২)	১,৮০,০০০/-	
বাদ: করমুক্ত (মূল বেতনের ৫০%)	১,৮০,০০০/-	শূন্য
চিকিৎসা ভাতা (১,০০০X১২)	১২,০০০/-	
বাদ: মূল বেতনের ১০%		
অথবা বার্ষিক ১,২০,০০০/-, যেটি কম	৩৬,০০০/-	শূন্য

উৎসব বোনাস (৩০,০০০ X ২)	৬০,০০০/-
বেতন খাতে আয় =	৪,২০,০০০/-

অন্যান্য উৎস খাতে আয়:

টিউশনী থেকে প্রাপ্ত আয় (৬ ব্যাচ X ৬ জন X ৪০০০ X ১২ মাস)	১৭,২৮,০০০/-
মোট আয় =	২১,৪৮,০০০/-

করদায় পরিগণনা

(ক) প্রথম ৩,৫০,০০০ টাকা* পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
(খ) পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	৫%
	৫,০০০/-

(গ) পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%	৩০,০০০/-
(ঘ) পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%	৬০,০০০/-
(ঙ) পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%	১,০০,০০০/-
(চ) অবশিষ্ট ৪,৯৮,০০০ টাকা মোট আয়ের উপর	২৫%	১,২৪,৫০০০/-
প্রদেয় কর =		৩,১৯,৫০০/-

* প্রতিবন্ধী সন্তানের পিতা হিসেবে করমুক্ত আয় সীমা (৩,০০,০০০ + ৫০,০০০) = ৩,০০,০০০ টাকা।

কর রেয়াত:

রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount):

(ক)	মোট অনুমোদনযোগ্য বিনিয়োগ	২,০০,০০০/-
(খ)	মোট আয়ের ২৫% (২১,৪৮,০০০X ২৫%)	৫,৩৭,০০০/-
(গ)		১,০০,০০,০০০/-
অনুমোদনযোগ্য অংক (eligible amount) [(ক) বা (খ) বা (গ), এ তিনটির মধ্যে যেটি কম]		২,০০,০০০/-

কর রেয়াতের পরিমাণ:

করদাতার মোট আয় ১৫ লক্ষ টাকার অধিক হওয়ায় কর রেয়াতের পরিমাণ হবে সরাসরি অনুমোদনযোগ্য অংক (eligible amount) ২,০০,০০০/- এর ১০% অর্থাৎ (২,০০,০০০X ১০%) = ২০,০০০ টাকা।

নীট প্রদেয় কর:

ফলে নীট প্রদেয় করের পরিমাণ হবে (৩,১৯,৫০০ - ২০,০০০) = ২,৯৯,৫০০ টাকা।

করদাতার নীট সম্পদের পরিমাণ ৩ কোটি ৩০ লক্ষ টাকা যা সারচার্জ আরোপের লক্ষ্যে নীট সম্পদের সর্বোচ্চ সীমা ৩ কোটি টাকার অধিক হওয়ায় নীট প্রদেয় কর ২,৯৯,৫০০ টাকার উপর ১০% হারে সারচার্জ বাবদ (২,৯৯,৫০০ X ১০%) = ২৯,৯৫০ টাকা প্রদেয় হবে। অর্থাৎ আয়কর ও সারচার্জ বাবদ করদাতার মোট করদায় হবে (২,৯৯,৫০০ + ২৯,৯৫০) = ৩,২৯,৪৫০ টাকা।

৪। একজন শিল্পীর আয় এবং কর পরিগণনা

মিজ্ নামিরা নুজাইমা একজন কণ্ঠশিল্পী। তার নিজস্ব একটি গানের দল রয়েছে। বিভিন্ন অনুষ্ঠানে তিনি তার দল নিয়ে গান পরিবেশনের মাধ্যমে আয় করে থাকেন। ১ জুলাই ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত সময়ে তার আয় ও ব্যয়ের পরিসংখ্যান ছিল এ রকম:

বিভিন্ন অনুষ্ঠানে সংগীত পরিবেশনের মাধ্যমে প্রাপ্তি ছিল ১০,০০,০০০ টাকা।